**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 22-01-2026** **Time: 1.30 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১/ নিরাপত্তা ও প্রতিরক্ষা ব্যবস্থা জোরদার করতে, ভারত ও ইউরোপীয় ইউনিয়ন আগামী সপ্তাহে নতুন দিল্লীতে একটি চুক্তি স্বাক্ষর করবে।

২/ জি-ফোর গোষ্ঠীভুক্ত দেশগুলি, রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদের পুনর্গঠনের জন্য দ্রুত পদক্ষেপ নেওয়ার একটি সুপরিকল্পিত পদ্ধতির প্রস্তাব করেছে।

৩/ দাভোসে বিশ্ব অর্থনৈতিক ফোরামে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ঘনিষ্ঠ বন্ধু হিসেবে অভিহিত করেছেন, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

৪/ বাজেট অধিবেশনের প্রাক্কালে আগামী ২৭ জানুয়ারি সর্বদলীয় বৈঠক ডাকলেন কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু।

৫/ বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আনুষ্ঠানিক প্রচার আজ শুরু হয়েছে।

৬/ ইন্দোনেশিয়া মাস্টার্স ব্যাডমিন্টন প্রতিযোগিতায় ভারতের পি ভি সিন্ধু ও লক্ষ্য সেন কোয়ার্টার ফাইনালে পৌঁছেছেন।

---

নিরাপত্তা ও প্রতিরক্ষা ব্যবস্থা জোরদার করতে, ভারত ও ইউরোপীয় ইউনিয়ন আগামী সপ্তাহে নতুন দিল্লীতে এ সংক্রান্ত এক চুক্তি স্বাক্ষর করবে। গত সন্ধ্যায় ফ্রান্সের স্ট্রাসবার্গে ইউরোপীয় ইউনিয়নের সংসদে বক্তৃতা দেওয়ার সময় ইউরোপীয় ইউনিয়নের বিদেশনীতি বিষয়ক মুখপাত্র কাজা কালাস একথা বলেন। তিনি বলেন, এই চুক্তি সামুদ্রিক নিরাপত্তা, সন্ত্রাসবাদ বিরোধিতা, সাইবার নিরাপত্তা ও ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে স্থিতাবস্থার বিষয়ে ভারতের সঙ্গে তাদের সহযোগিতা জোরদার করবে।

বাইট-কাজা কালাস

ইউরোপীয় ইউনিয়নকে ভারতের অন্যতম বৃহৎ বাণিজ্য অংশীদার বলে অভিহিত করেন তিনি। এছাড়া তিনি বলেন, অস্থিতিশীল এই সময়ে ভারত ও EU জোট সারাবিশ্বকে নতুন দিশা দেখাবে।

আগামী সপ্তাহে সাধারণতন্ত্র দিবসে, বিশেষ অতিথি হিসেবে ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডার লিয়েন ও ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট আন্তনিও কোস্তার ভারত সফরের মধ্যেই এই চুক্তি স্বাক্ষরিত হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে চলতি মাসের ২৭ তারিখে তাঁরা দুজনে ষোড়শ ভারত-EU শীর্ষ সম্মেলনে যৌথ ভাবে সভাপতিত্ব করবেন।

-----------------------------

জি-4 গোষ্ঠীভুক্ত দেশগুলি  রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদের পুনর্গঠনের জন্য দ্রুত পদক্ষেপ নেওয়ার একটি সুপরিকল্পিত পদ্ধতির উপস্থাপন করেছে। তারা সতর্ক করে জানিয়েছে, রাষ্ট্রসংঘের সর্বোচ্চ সিদ্ধান্ত গ্রহণকারী এই পরিষদের সংস্কারে আরো দেরি হলে মানুষের দুর্ভোগ এবং যন্ত্রনা বাড়বে।  নিউইয়র্কে গতকাল রাষ্ট্রসংঘ সদর দফতরে

নিরাপত্তা পরিষদ সংস্কার বিষয়ক আন্তঃসরকারি আলোচনায় (IGN) ভারতের স্থায়ী প্রতিনিধি পি. হরিশ জি৪-এর পক্ষ থেকে একথা জানান।

জি৪ গোষ্ঠীতে রয়েছে ভারত, ব্রাজিল, জার্মানি ও জাপান। তারা যৌথভাবে পরিষদের সংস্কারের পক্ষে একযোগে সমর্থন জানায়।

পি. হরিশ বলেন, বিশ্বব্যাপী ঘটে চলা সংঘর্ষের কারণে প্রতিদিন অসংখ্য নিরীহ মানুষের প্রাণহানি ঘটছে। সংঘর্ষ বন্ধে ব্যর্থতার কারণে রাষ্ট্রসংঘের বিশ্বাসযোগ্যতা ও সক্রিয়তা নিয়ে প্রশ্ন উঠছে।

বাইট- হরিশ DECADE

তিনি জি৪-এর সংস্কার প্রস্তাবের সুনির্দিষ্ট কাঠামো তুলে ধরেন। প্রস্তাব অনুযায়ী, পরিষদের বর্তমান ১৫ সদস্য থেকে সংখ্যা বাড়িয়ে ২৫ বা ২৬ করার কথা বলা হয়েছে, যার মধ্যে ছয়টি নতুন স্থায়ী আসন থাকবে। এর মধ্যে দুটি আসন আফ্রিকা অঞ্চলের জন্য, দুটি এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য এবং একটি করে আসন লাতিন আমেরিকা ও পশ্চিম ইউরোপের জন্য বরাদ্দ করার কথা বলা হয়েছে।

বাইট -হরিশ UNSC

-----------------------------

দাভোসে বিশ্ব অর্থনৈতিক ফোরামে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ঘনিষ্ঠ বন্ধু হিসেবে অভিহিত করে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, তাঁর প্রশংসা করেছেন। ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র খুব শীঘ্রই বাণিজ্য সংক্রান্ত এক চুক্তি স্বাক্ষর করবে বলে ট্রাম্প আশা প্রকাশ করেন। দুই দেশের মধ্যে বাণিজ্যিক সম্পর্কের টানাপোড়েনের মধ্যে ট্রাম্পের এই মন্তব্য বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

-----------------------------

ঝাড়ঝণ্ডের পশ্চিম সিংভূম জেলার সারান্ডার জঙ্গলে আজ সকালে নিরাপত্তা বাহিনীর সঙ্গে মাওবাদীদের সংঘর্ষ বাধে। ছোট নাগরা থানা এলাকায় ঝাড়খণ্ডের জাগুয়ার এবং জেলা পুলিশের যৌথ কোবরা বাহিনী তল্লাশি চালানোর সময় শুরু হয় দু'পক্ষের মধ্যে গুলি বিনিময়।

প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, কয়েকজন মাওবাদীর মৃত্যু হয়েছে। ঘন জঙ্গল ও পাহাড়ি এলাকায় অন্যান্যরা পালিয়ে যায়। নিরাপত্তা বাহিনী ব্যাপক তল্লাশি চালাচ্ছে।

-----------------------------

কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপির বরিষ্ঠ নেতা পীযূষ গোয়েল আজ চেন্নাইয়ে AIADMK-এর সাধারণ সম্পাদক ও রাজ্যের বিরোধী দলনেতা এডাপাডি পালানিসামির বাসভবনে তার সঙ্গে সাক্ষাৎ করেছেন। তাঁর সঙ্গে ছিলেন প্রাক্তন রাজ্য বিজেপি সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ড. এল. মুরুগান, বর্তমান রাজ্য সভাপতি নাইনার নাগেন্দ্রন এবং রাজ্যের অন্যান্য বিজেপি নেতারা।

শ্রী গোয়েল তামিলনাড়ু নির্বাচনের দায়িত্ব পাওয়ায় এনডিএ জোটের শরিকদের সঙ্গে আলোচনা করতে চেন্নাইয়ে রয়েছেন।

-----------------------------

দেশীয় শেয়ার সূচক, সেনসেক্স এবং নিফটি আজ কিছুটা ইতিবাচক অবস্থানে ছিল। দুপুর ১ টা পর্যন্ত সেনসেক্স ২১০ পয়েন্ট বেড়ে ৮২ হাজার ১২০ পয়েন্টে দাঁড়িয়েছে, অন্যদিকে, নিফটি ৭৬ পয়েন্ট বেড়ে ২৫ হাজার ২৩৩ পয়েন্টে দাঁড়িয়েছে।

-----------------------------

ভারতের গহনা বাজারে আজ সোনা ও রুপোর দাম কিছুটা কমেছে। গতকালের রেকর্ড উচ্চতার পর এ পতন ঘটেছে মূলত মুনাফা তুলে নেওয়া, ভূরাজনৈতিক পরিস্থিতির পরিবর্তন এবং মার্কিন ডলারের শক্তিশালী অবস্থানের কারণে। মাল্টি কমোডিটি এক্সচেঞ্জে সোনার দাম প্রতি ১০ গ্রামে প্রায় ৫০ শতাংশ কমে দাঁড়িয়েছে ১ লক্ষ ৫২ হাজার ১৬৮ টাকা । রুপোর দামও ০.৭ শতাংশের বেশি কমে প্রতি কিলোগ্রামে ৩ লক্ষ ১৬ হাজার ১৭৫ টাকায় নেমে এসেছে।

-----------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার ২৫-শে জানুয়ারি, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট, newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

-----------------------------

বাজেট অধিবেশনের প্রাক্কালে আগামী ২৭ জানুয়ারি সর্বদলীয় বৈঠক ডাকলেন সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু। বাজেট অধিবেশন শুরু হবে ২৮ জানুয়ারি। ওই

দিন সংসদ ভবনের অ্যানেক্সের মূল কমিটি কক্ষে সংসদের আসন্ন বাজেট অধিবেশনে গুরুত্বপূর্ণ বিষয় ও অন্যান্য কার্যক্রম নিয়ে আলোচনা করা হবে।

উল্লেখ্য, ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেট আগামী ১ ফেব্রুয়ারি পেশ করা হবে। সংসদের বাজেট অধিবেশন চলতি মাসের ২৮ তারিখ থেকে শুরু হবে এবং ২ এপ্রিল পর্যন্ত চলবে। বাজেট অধিবেশনের প্রথম পর্ব ২৮ জানুয়ারি থেকে ১৩ই ফেব্রুয়ারি পর্যন্ত এবং দ্বিতীয় পর্ব ৯ মার্চ থেকে ২ এপ্রিল পর্যন্ত চলবে।

-----------------------------

নির্বাচনী প্রতীক বরাদ্দ এবং চূড়ান্ত প্রার্থীদের তালিকা নিশ্চিত হওয়ার পর আজ বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আনুষ্ঠানিক প্রচার শুরু হয়েছে। বাংলাদেশ নির্বাচন কমিশন, গতকাল প্রার্থীদের প্রতীক বরাদ্দ করেছে। কমিশনের তথ্য অনুযায়ী, ৩০০ সংসদীয় আসনের জন্য প্রায় দু হাজার জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। আগামী ১২ ফেব্রুয়ারি দেশব্যাপী গণভোটের পাশাপাশি, জাতীয় সংসদের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ জাতীয়তাবাদী দল -বি এন পি আজ সিলেট থেকে তাদের আনুষ্ঠানিক প্রচার শুরু করতে যাচ্ছে। দলের চেয়ারম্যান তারেক রহমানের প্রথম দিনেই সাতটি জেলার জনসভায় যোগ দেওয়ার কথা রয়েছে। জামাতে ইসলামীর আমির শফিকুর রহমান আজ ঢাকায় তার প্রচার শুরু করবেন এবং আগামী দুই দিনে উত্তরাঞ্চলের আটটি জেলা সফর করবেন। জাতীয় পার্টি ১৯৬টি আসনে নির্বাচন প্রতিদ্বন্দ্বিতা করছে। দলের মহাসচিব শামীম হায়দার পাটোয়ারী নির্বাচনী কারচুপির বিষয়ে সকলকে সতর্ক করেছেন। জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের রংপুর থেকে দলের নির্বাচনী প্রচার শুরু করবেন বলে জানা গেছে।

----------------------------

সেনাপ্রধান জানিয়েছেন, বাংলাদেশে গতবছর রাজনৈতিক অস্থিরতা চলাকালীন যেসমস্ত অস্ত্রশস্ত্র লুঠ করা হয়েছিল, তার এক তৃতীয়াংশ এখনও উদ্ধার করা যায়নি। সেনার রফে এই স্বীকারোক্তির পরই সেদেশে নির্বাচন আদৌ শান্তিপূর্ণ হবে কিনা, তা নিয়ে প্রশ্ন উঠেছে। গতকাল বাংলাদেশের সেনাপ্রধান ওয়াকার উজ জামান জানিয়েছেন, ২০২৪ সালে সেদেশে অশান্তির সময়ে বিভিন্ন থানা থেকে যে ৩ হাজার ৬১৯ টি অস্ত্র লুঠ হয়েছিল, তার মধ্যে ২২৫৯ টির মত অস্ত্র উদ্ধার করা সম্ভব হয়েছে। অর্থাত্‍ ৬২ দশমিক ৪ শতাংশ অস্ত্র উদ্ধার হলেও ৩৭ দশমিক ৬ শতাংশ অস্ত্র এখনও দুষ্কৃতীদের হাতে রয়ে গেছে। ১২ ই ফেব্রুয়ারি নির্বাচনের আগে এই তথ্য যথেষ্ট চিন্তার উদ্রেক করেছে।

----------------------------

নিউজিল্যান্ডের মাউঙ্গানুই পর্বতের পাদদেশে, বে অফ প্লেন্টি অঞ্চলের হলিডে পার্কে, আজ এক বড় আকারের ভূমিধ্বসে শিশুসহ বেশ কিছু মানুষ নিখোঁজ। উদ্ধারকাজ চলছে বলে সেদেশের বিপর্যয় ব্যবস্থাপনা মন্ত্রী মার্ক মিচেল জানিয়েছেন। অগ্নি নির্বাপণ ও আপৎকালীন দফতরের কম্যান্ডার উইলিয়াম পাইক বলেছেন, ধ্বংসাবশেষের নীচ থেকে আর্ত মানুষজনের আওয়াজ শোনা গেলেও, কাউকে উদ্ধার করা এখনও অব্দি সম্ভব হয়নি। গতরাত থেকে প্রবল বৃষ্টিতে সেদেশের উত্তর অংশে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়। এর ফলেই এই ধ্বস বলে মনে করা হচ্ছে। এই পরিস্থিতিতে, সেদেশের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সন, স্থানীয় কর্তৃপক্ষকে চূড়ান্ত সতর্কতা অবলম্বন করতে বলেছেন।

----------------------------

ইন্দোনেশিয়া মাস্টার্স ব্যাডমিন্টন প্রতিযোগিতায় ভারতের পি ভি সিন্ধু ও লক্ষ্য সেন কোয়ার্টার ফাইনালে পৌঁছেছেন। পুরুষদের সিঙ্গেলস বিভাগের প্রি কোয়ার্টার ফাইনালে লক্ষ্য, হংকং চীনের জেসন গুনাওয়ানকে ২১-১০, ২১-১১ সেটে হারিয়ে দেন। অন্যদিকে, পি ভি সিন্ধু, ডেনমার্কের হয়মার্ক কায়েরফেল্ডকে ২১-১৯, ২১-১৮ সেটে পরাজতি করেন। পি ভি সিন্ধু আজ কোয়ার্টার ফাইনালে প্রতিযোগিতার শীর্ষ বাছাই চীনের চেন ইউ ফেই-এর মুখোমুখি হবেন।

---------------------------- ----------------------------